# স্বাগতম



# শিক্ষক পরিচিতি

মোহাম্মদ মহিউদ্দিন
প্রভাষক
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

# পাঠ পরিচিতি

শ্রেণি: একাদশ

বিষয়: ইসলামের ইতিহাস ও সংস্কৃতি- ১ম পত্র

অধ্যায়: প্রথম প্রাচীন সভ্যতাসমূহ

# শিখনফল

## এই পাঠ শেষে শিক্ষার্থীরা-

১. প্রাচীন সভ্যতাগুলোর নাম বলতে পারবে।

২. প্রাচীন সভ্যতাগুলো বর্ণনা করতে পারবে।

# নিচের ছবিটি দেখ এবং চিন্তা কর-



ছবিতে কী দেখলে?

প্রাচীন সভ্যতা।

# পাঠ শিরোনাম

# প্রাচীন

# সভ্যতা

# নিচের ছবিগুলো দেখ এবং চিন্তা কর-




## প্রাচীন সভ্যতা

- মিসরীয় সভ্যতা
- মেসোপটেমীয় সভ্যতা সভ্যতা
- ক. সুমেরীয় সভতা
  খ. ব্যাবিলনীয় সভ্যতা
- হিব্রু সভ্যতা
- পারস্যিক (সাসনীয়) সভ্যতা
- গ্রিক সভ্যতা
- রোমান সভ্যতা

# প্রাচীন সভ্যতা:

# মিসরীয়






**মিসরীয় সভ্যতার উন্মেষ হয় মিসরের নীলনদের অববাহিকায়। মিশরকে নীলনদের দান বলা হয়। এখানে নানা প্রকার শস্য, তুলা উৎপাদিত হতো। এশিয়া, ইউরোপ ও আফ্রিকা এ তিনটি মহাদেশ দ্বারা মিসর পরিবেষ্টিত।**

# মেসোপটেমীয় সভ্যতা সভ্যতা:


## ক. সুমেরীয় সভতা-





সুমেরীয় সভ্যতার ধারক বাহক অসেমেটিক সুমেরীয়গণ। তাঁরা মূলত টাইগ্রীস ও ইউফ্রেটিস নদীর মধ্য অবস্থিত অববাহিকা অঞ্চলের অধিবাসী। তারা লিখন পদ্ধতি, আইন-কানুন, ধর্মীয় অনুভূতি, ব্যবসায়-বাণিজ্য, জ্ঞান-বিজ্ঞানের চর্চা প্রথম শুরু করে।

# খ.        ব্যাবিলনীয়




সুমেরীয় রাজা ডুঙ্গীর মৃত্যুর পর সুমেরীয় সাম্রাজ্যের পতনের পর ব্যাবিলনীঁয় সাম্রাজ্যের উদ্ভব হয়। তারা অংকশাস্ত্র, জ্যোতির্বিদ্যা, ভূতত্ত্ববিদ্যা, ইতিহাস, চিকিৎসাবিদ্যা, ব্যাকরণ, দর্শন এবং অভিধান সংকলনের ভিত্তি রচনা করে গেছেন।


# হিব্রু সভ্যতা-



হিব্রুগণ সেমিটিক জাতির একটি উল্লেখযোগ্য শাখা। তারা ছিল যাযাবর শ্রেণির লোক। আরবদেশ থেকে তারা প্রথমে প্যালেস্টাইন গমণ করেন এবং তাদের আদিপুরুষ হযরত ইবরাহীম (আ.)- এর নেতৃত্বে মেসোপটেমীয়ায় বসতি স্থাপন করেন। কালক্রমে তারা ফিনিসীয়, আরামীয় ও হিব্রু- এ তিন ভাগে বিভক্ত হয়।

# পারস্যিক (সাসনীয়) সভ্যতা-





১৫০০ অব্দের পূর্বে আর্যদের যে শাখাটি পারস্য উপসাগরের দক্ষিণে বসতি গড়ে তোলে, তারা পারসিক এবং যে শাখাটি উত্তর-পশ্চিমের পর্বত সংকুল এলাকায় বসতি স্থাপন করে, তাঁরা মেদ নামে পরিচিত। পারসিক সম্রাটদের মধ্যে ডেরিয়াস (দারায়ুস) ছিলেন সর্বশ্রেষ্ঠ সম্রাট।

# গ্রিক সভ্যতা-



ইউরোপের দক্ষিণে অবস্থিত আড্রিয়াটিক, ভূ-মধ্যসাগর ও এজিয়ান সাগর পরিবেষ্টিত এবং অসংখ্য দ্বীপাঞ্চল সম্বলিত গ্রীস ছিল প্রাচীন সভ্যতার পীঠস্থান। গ্রিকবাসী তাদের দেশকে বলত ‘হেলাস’, তাদের সভ্যতা ‘হেলেনিক সভ্যতা’ নামে পরিচিত। আলেকজেন্ডার, সক্রেটিস, এরিস্টটল, প্লেটো, হিরাডোটাস, পিথাগোরাস, আর্কিমিডিস, ইউক্লিড প্রমুখ বিশ্ববিখাত ব্যক্তি গ্রীসে জন্ম গ্রহণ করেন।

# রোমান




গ্রিসদের পরেই রোমানদের নাম স্মরণীয়। রোমানদের অবদান ২ ভাগে বিভক্ত। ক. গ্রিকদের জ্ঞানভাণ্ডারকে তারা সজীব রাখেন; খ. নতুন উপাদান দ্বারা বিশ্ব সভ্যতাকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যান। লোকশ্রুতি অনুসারে নির্বাসিত দুই রাজপুত্র রোমুলাস ও রেমাস সিংহাসন পুনরাধিকার করে ৭৫৩ খ্রিস্টপূর্ব রোম নগরী প্রতিষ্ঠা করেন। রোমুলাসের নামানুসারে রোম নগরীর নামকরণ করা হয়। বর্তমানে ইতালির পশ্চিম-দক্ষিণ ভূমধ্যসাগরের উপকূলে রোম নগরী অবস্থিত। রোমকে ‘সাততি পর্বতের নগরী’ নামে অভিহিত করা হয়।

# মূল্যায়ন

১. ৩ প্রাচীন সভ্যতার নাম বল।
২. সংক্ষেপে প্রাচীন গ্রিক সভ্যতার বর্ণনা কর।



# বাড়ির কাজ

ছুরাইয়া এবং হুসনেয়ারা প্রাচীন সভ্যতাসমূহ নিয়ে আলাপ করছিল। কথা প্রসংগে ছুরাইয়া হুসনেয়ারাকে বলে, বিশ্ব সভ্যতায় রোমানদের অবদান অপরিসীম ছিল। ছুরাইয়ার কথার সাথে হুসনেয়ারা আরো যোগ করে বলে- সভ্যতার ইতিহাসে গ্রিকদের পরেই রোমানদের নাম স্মরণীয়।

ক. দারায়ুস কত খ্রিস্টপূর্ব অব্দে সিংহাসনে বসেন?

খ. মিসরকে নীলনদের দান বলা হয় কেন?

গ. ছুরাইয়ার মতে- বিশ্বসভ্যতায় রোমানদের অবদান ব্যাখ্যা কর।

ঘ. হুসনেয়ারার শেষোক্ত কথাটি মূল্যায়ণ কর।

# শ্রেণিতে অংশ গ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ

